# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 23 June, 2025

ইরানের হরমুজ প্রণালি বন্ধ করার আলোচনার প্রতিক্রিয়ায় সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তেলের দাম কমিয়ে রাখার আহ্বান জানিয়েছেন।

সোমবার এক্স হ্যান্ডলে এক পোস্টে তিনি লেখেন, সবাই, তেলের দাম কমিয়ে রাখুন।আমি কিন্তু পর্যবেক্ষণ করছি! আপনারা শত্রুর হাতে খেলছেন।এটা করবেন না!তবে ট্রাম্প তার এ আহ্বানে কাকে উদ্দেশ্য করেছেন, তা স্পষ্ট করেননি।পরবর্তী এক পোস্টে তিনি মার্কিন জ্বালানি বিভাগকে 'ড্রিল, বেবি, ড্রিল!!! এবং আমি এখনই বলছি!!!' বলে নির্দেশ দেন।

হরমুজ প্রণালি একটি গুরুত্বপূর্ণ শিপিং রুট যা তেল সমৃদ্ধ উপসাগরকে ভারত মহাসাগরের সঙ্গে সংযুক্ত করে।বিশ্বের প্রায় ২০% তেল সরবরাহ প্রতিদিন এ পথ দিয়েই প্রবাহিত হয়। ইরানের এমন হুমকির পর বিশ্ববাজারে তেলের দাম বাড়তে শুরু করেছে, যা নিয়ে উদ্বেগ বাড়ছে।

ট্রাম্প হরমুজ প্রণালি তেল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 00:42

URL: https://www.timestodaybd.com/international/3606775807